

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ	০৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ।
সময়ঃ	সকাল- ১১.০০ ঘটিকা।
সভার স্থানঃ	সম্মেলন কক্ষ (কক্ষ নং ০৩) ভবন নং ১০, পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম, পরিকল্পনা বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'

- ১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, চলতি ২০২০-২১ অর্থবছরে পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কৌশলগত উদ্দেশ্যের ২০টি ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ১ম ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর/২০) ECNEC সভা ১০টি, SSRC কর্তৃক ৭টি গবেষণা পত্র প্রকাশ এবং NAPD ও BIDS ১টি করে বোর্ড অব গভর্নরস সভা আয়োজন করেছে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এপিএ টিমের মাসিক সভা নিয়মিত হয়েছে। তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পাওয়া যায়নি। সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত ৩ মাসে প্রত্যেক কর্মচারীকে ১০.৪২ জনঘণ্টা হারে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রয় পরিকল্পনা ৫% বাস্তবায়িত হয়েছে। পরিকল্পনা বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) ৩.৭৬% বাস্তবায়িত হয়েছে।
- ২.০০ সভাকে আরও জানানো হয় যে, APA-তে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তাদের উন্নয়ন প্রকল্প পরিবীক্ষনের ব্যবস্থা আছে। কিন্তু লক্ষ্যমাত্রা অনুসারে প্রকল্প পরিদর্শন না হওয়ায় গত বছরে পরিবীক্ষণ সংক্রান্ত বরাদ্দকৃত নম্বর অর্জন করা সম্ভব হয়নি। পরিকল্পনা কমিশনের ৪টি বিভাগ কর্তৃক প্রক্রিয়াকরণকৃত প্রকল্পের সংখ্যা, অনুমোদিত প্রকল্পের সংখ্যা ত্রৈমাসিক ভিত্তিতে একটি ছকে পেশ না করায় কাঙ্ক্ষিত মান অর্জন করা সম্ভব হয়নি। এছাড়া শুদ্ধাচার ও উত্তম চর্চা বিষয়ে অংশীজনের মতবিনিময়, অভিযোগ প্রতিকার বিষয়ে অংশীজনের অবহিতকরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত সূচকের অনুকূলে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য পিটি অনুবিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। যে সমস্ত শাখা/অধিশাখা মালমাল ক্রয়ের অনুমতি প্রাপ্ত (PE) সে সমস্ত অধিশাখা/শাখার অনুকূলে মোট বরাদ্দ, ব্যয়িত অর্থ ও ক্রয়কৃত মালামালের তালিকা নির্ধারিত ছকে পেশ করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।
- ৩.০ সভায় পরিকল্পনা বিভাগের অধীন দপ্তর/সংস্থা (এনএপিডি ও বিআইডিএস) এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমী (এনএপিডি) ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর স্ব স্ব এপিএ ২০২০-২১ এর কর্ম-পরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করছে এবং পরিকল্পনা বিভাগের সাথে সংশ্লিষ্ট সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক মর্মে বিবেচিত হয়েছে।
- ৪.০ এপিএ টিমের সকল সদস্য বিশেষ করে পরিকল্পনা কমিশনের ৬টি সেক্টর/ডিভিশনের সদস্যগণ নিয়মিত সভায় অংশগ্রহণ করছেন না। ফলে সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। অদ্যকার সভায় শিল্প ও শক্তি বিভাগ, এসএসআরসি ও আইটি সেল-এর প্রতিনিধি সভায় অংশগ্রহণ করেননি। এ বিষয়ে সভায় উদ্গা প্রকাশ করা হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৪.০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) পরিকল্পনা বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০) প্রতিবেদন পরবর্তী বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।
- খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর ডিভিশনে প্রাপ্ত প্রকল্পের সংখ্যা, প্রক্রিয়াকরণকৃত প্রকল্প সংখ্যা ও অনুমোদিত প্রকল্পের সংখ্যা একটি টেবিল আকারে পেশ করতে হবে;
- গ) পরিকল্পনা বিভাগ ও কমিশনে কর্মরত কর্মকর্তাগণ দেশে চলমান উন্নয়ন প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন পেশ করবেন;
- ঘ) সকল কর্মসম্পাদন সূচকের প্রমাণক (সফট কপি ও হার্ড কপি) প্রতিবেদনের সাথে অবশ্যই সরবরাহ করতে হবে;
- ঙ) অধীন দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় Feedback প্রদান করা হয়;

৪.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
০৭/১০/২০২০

(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
এপিএ টিম লিডার

নং-২০.০০.০০০০.৩২৮.৪২.০০১.২০-১৫১

তারিখঃ ২২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা।
৩. প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।
৫. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. যুগ্মপ্রধান, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. উপসচিব (এসএসআরসি/বাজেট/কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১১. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
১২. অফিস কপি।

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২

E-mail: ro.pms@plandiv.gov.bd